



ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক  
**রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়**

রাজশাহী-৬২০৪, বাংলাদেশ।  
(টেলিফোন: +৮৮-০২৫৮৮৮-৬৬৭৯৮, ফ্যাক্স: +৮৮-০২৫৮৮৮-৬৭১০৫)  
E-mail: registrar@ruet.ac.bd website: www.ruet.ac.bd

স্মারক নং- ৯৩৭

তারিখ: ১২ ভাদ্র, ১৪৩২  
২৭ আগষ্ট, ২০২৫

**-ঃ পিএইচ.ডি/এম.ফিল/এমএসসি ইঞ্জিঃ/এম ইঞ্জিঃ/এমইউআরপি/এমএসসি ভর্তি বিজ্ঞপ্তি ঃ-**

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এ ২০২৫ (অক্টোবর) পুরকৌশল, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল, যন্ত্রকৌশল, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রডাকশন ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, সিরামিক এন্ড মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইউআরপি, গণিত, রসায়ন ও পদার্থবিদ্যা বিভাগে পিএইচ.ডি/এম.ফিল/এমএসসি ইঞ্জিনিয়ারিং/এম ইঞ্জিনিয়ারিং/এমইউআরপি/এমএসসি প্রোগ্রামে ভর্তির জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে আশ্রয়ী প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ফরমে Online Portal-এর মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

- (১) প্রকৌশল বিভাগসমূহে এমএসসি ইঞ্জিনিয়ারিং/এম ইঞ্জিনিয়ারিং-এ ভর্তির জন্য প্রার্থীদেরকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে জিপিএ ৫.০০ এর মধ্যে ৩.৫০ পেয়ে পাশ করতে হবে ও কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট ডিসিপ্লিনে বিএসসি ইঞ্জিনিয়ারিং বা সমতুল্য ডিগ্রীতে সিজিপিএ ৪.০০ এর মধ্যে ২.৭৫ পেতে হবে এবং পিএইচ.ডি কোর্সে ভর্তির জন্য সংশ্লিষ্ট ডিসিপ্লিনে সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.০০ পেয়ে এমএসসি ইঞ্জিনিয়ারিং বা সমতুল্য ডিগ্রী থাকতে হবে।
- (২) ইউআরপি, গণিত, রসায়ন ও পদার্থবিদ্যা বিভাগসমূহে এমইউআরপি/এমএসসি তে ভর্তির জন্য প্রার্থীদেরকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে জিপিএ ৫.০০ এর মধ্যে ৩.৫০ পেয়ে পাশ করতে হবে ও কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট ডিসিপ্লিনে বিএসসি (সম্মান) বা সমতুল্য ডিগ্রীতে সিজিপিএ ৪.০০ এর মধ্যে ২.৭৫ পেতে হবে।
- (৩) গণিত, রসায়ন ও পদার্থবিদ্যা বিভাগে এম.ফিল কোর্সে ভর্তিচ্ছু প্রার্থীদেরকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে জিপিএ ৫.০০ এর মধ্যে ৩.৫০ পেয়ে পাশ করতে হবে ও কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট ডিসিপ্লিনে বিএসসি সম্মান বা সমতুল্য এবং এমএসসি বা সমতুল্য ডিগ্রীতে সিজিপিএ ৪.০০ এর মধ্যে ২.৭৫ পেতে হবে এবং পিএইচ.ডি কোর্সে ভর্তির জন্য সংশ্লিষ্ট ডিসিপ্লিনে সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.০০ পেয়ে এমএসসি (১বছর ৬মাস মেয়াদি/৩ সেমিস্টার)/এম.ফিল বা সমতুল্য ডিগ্রী থাকতে হবে।
- (৪) দরখাস্তের সাথে SSL সার্ভিসের মাধ্যমে ১,০০০/= (এক হাজার) টাকা পরিশোধ করতে হবে।
- (৫) বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.pg.ruet.ac.bd) হতে Online-এর মাধ্যমে ভর্তি ফরম পূরণপূর্বক ০১/০৯/২০২৫ খ্রি. হতে ১৪/০৯/২০২৫ খ্রি. মধ্যে আবেদন করতে হবে। সকল পরীক্ষার সনদপত্র ও ট্রান্সক্রিপ্ট/মার্কসীট এর সত্যায়িত ফটোকপি এবং সিলেবাস/কারিকুলাম এর সত্যায়িত ফটোকপি ওয়েবসাইট লিংকে জমা দিতে হবে, তবে পাবলিক প্রকৌশল বিশ্ববিদ্যালয় হতে পাশকৃত শিক্ষার্থীদের সিলেবাস/কারিকুলাম এর ফটোকপি জমা দিতে হবে না।
- (৬) যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ ঃ ১৭/০৯/২০২৫ খ্রি.।
- (৭) ভর্তি পরীক্ষা গ্রহণ ঃ স্ব স্ব বিভাগ কর্তৃক ২০/০৯/২০২৫ খ্রি. হতে ২৪/০৯/২০২৫ খ্রি. মধ্যে সম্পন্ন করতে হবে।
- (৮) ফলাফল প্রকাশঃ ০৫/১০/২০২৫ খ্রি.।
- (৯) সকল বিভাগের নির্বাচিত প্রার্থীকে (স্বাস্থ্য পরীক্ষায় উপযুক্ত বলে গণ্য হলে) নির্ধারিত ভর্তি ফি= ১৮,৫০০/= (আঠার হাজার পাঁচশত) টাকা প্রদানপূর্বক ১২/১০/২০২৫ খ্রি. মধ্যে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে হবে এবং শিক্ষা শাখায় কাগজ-পত্রাদি জমা দিতে হবে।
- (১০) ক্লাস শুরু ঃ ১৮/১০/২০২৫ খ্রি.।
- (১১) চাকুরীরত প্রার্থীকে নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- (১২) প্রার্থী ইতোপূর্বে কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়ে থাকলে ভর্তির সময় ভর্তি বাতিলের সনদপত্র জমা দিতে হবে।
- (১৩) চাকুরীরত প্রার্থী নিয়োগকারী কর্তৃপক্ষের সম্মতিক্রমে খন্ডকালীন ছাত্র হিসাবেও ভর্তির জন্য আবেদন করতে পারবে।
- (১৪) চাকুরীরত পিএইচ.ডি প্রার্থীকে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে ০১ (এক) বছরের ছুটি নিতে হবে।
- (১৫) বেসরকারী বিশ্ববিদ্যালয় হতে পাশকৃত ভর্তিচ্ছু প্রার্থীদের ক্ষেত্রে নিম্নের বিষয়গুলো প্রযোজ্য হবে  
(ক) বিশ্ববিদ্যালয়টি ইউজিসি কর্তৃক অনুমোদিত হতে হবে  
(খ) রুয়েটের সাথে উক্ত বিশ্ববিদ্যালয়ের সিলেবাস এবং ক্রেডিট সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

(আরিফ আহমাদ সৈয়দী)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)  
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং- ৯৩৭/৫০

তারিখ: ১২ ভাদ্র, ১৪৩২  
২৭ আগষ্ট, ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান ঃ

- ১। সকল ডীন/ইন্সটিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। রেজিস্ট্রার, বুয়েট/চুয়েট/কুয়েট/ডুয়েট ও সকল বিশ্ববিদ্যালয়।
- ৩। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। প্রশাসক, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয় (ভর্তি বিজ্ঞপ্তি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ৫। হলসহ সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬। সংরক্ষণ নথি।
- ৭। নথি।

সিনিয়র সহকারী রেজিস্ট্রার  
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।